# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ২. ৯. একটা বাক্যের মধ্যে অদ্ভুত বৈপরীত্য

পুরাতন নিয়মের ৭ম পুস্তক: Judges। বাংলা নাম ‘বিচারকর্তৃগণ (কেরি), বিচারকগণ (জুবিলী), ও কাজীগণ (কি. মো.)। এ পুস্তকের ১৭/৭ বলছে: “সেই সময় এহুদা গোষ্ঠীর বেথেলহেম এহুদার একজন লোক ছিল। সে ছিল একজন লেবীয় (of the family of Judah, who was a Lavite), সে সেখানে বাস করছিল।” (মো.-১৩)

একটা বাক্যের মধ্যে সাংঘর্ষিক তথ্য। যিহূদা ও লেবী ইসরাইলের ১২ পুত্রের দু’ পুত্র। একই ব্যক্তি একই সাথে দু’ ভাইয়ের বংশধর হতে পারে না। যিহূদা পরিবারের হলে লেবীয় হওয়া অসম্ভব এবং লেবীয় হলে যিহূদা গোষ্ঠীর হওয়া অসম্ভব। বাইবেল গবেষকরা স্বীকার করেন যে, ‘সে লেবীয়’ কথাটা ভুল। বাইবেলের কোনো কোনো অনুবাদে কথাটা ফেলে দেওয়া হচ্ছে, যদিও মূল তা পাণ্ডুলিপিতে বিদ্যমান।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13966

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন